Q.P. Sl. No. 219257

# বাংলা

## 'ক' ভাষা

## ( নতুন পাঠক্রম )

## ২০২৪

মোট সময় : ৩ ঘন্টা ১৫ মিনিট ] [ পূর্ণমান : ৮০

✪ পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে । বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে ।

2024

## নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা ১৬ ।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।



www.wbonlinestudy.in
www.wbonlinestudy.in

**বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।**

( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )

১. ঠিক বিকল্পটি নির্বাচন করো ( যে কোনো আঠারোটি প্রশ্নের উত্তর দাও ) (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : ১ × ১৮ = ১৮

(i) "সংসারে তার নাকি মন নেই।" — এখানে যার কথা বলা হয়েছে, সে হল —

(ক) মৃত্যুঞ্জয় (খ) মৃত্যুঞ্জয়ের স্ত্রী

(গ) নিখিল (ঘ) নিখিলের স্ত্রী ।

(ii) "সকলে এক কথাই বলে।" — সকলে যে-কথা বলে তা হল —

(ক) মনের কথা

(খ) সেই একই ভাগ্যের কথা, দুঃখের কাহিনি

(গ) কালোবাজারির কথা

(ঘ) দেশের কথা ।

(iii) "আর বৃষ্টির সঙ্গে বাতাস জোরালো হলে তারা বলে —"

(ক) ফাঁপি (খ) পউষে বাদলা

(গ) ডাওর (ঘ) দুর্যোগ ।

(iv) "তা সে অন্ন হাজার মাইল দূরেই থাক, আর ............... তালা লাগানো গুদামেই থাক।" শূন্যস্থানে যে-শব্দটি বসবে, সেটি হল —

(ক) একুশটা (খ) একত্রিশটা

(গ) দশটা (ঘ) কয়েকটা ।

(v) 'রূপনারানের কূলে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ক) গীতাঞ্জলি (খ) শিশু

(গ) শেষ লেখা (ঘ) আরোগ্য ।

(vi) 'শিকার' কবিতায় দ্বিতীয়বার আগুন জ্বলেছিল কেন ?

(ক) হরিণের মাংস তৈরি করার জন্য (খ) কৃষকদের উৎসবের জন্য

(গ) অন্ধকার দূর করার জন্য (ঘ) দেশোয়ালিদের পরবের জন্য।

(vii) "আর আগুন লাগে" — 'আগুন' কোথায় লাগে ?

(ক) মেঘ-মদির মহুয়ার বনে

(খ) জলের অন্ধকারে ধূসর ফেনায়

(গ) রাত্রির নির্জন নিঃসঙ্গতায়

(ঘ) মহুয়া বনের ধারে কয়লাখনিতে ।

www.wbonlinestudy.in

(viii) 'ক্রন্দনরতা জননীর পাশে' কবিতায় নিখোঁজ মেয়েটিকে পাওয়া গিয়েছিল —

(ক) নিজের বাড়িতে (খ) রাস্তায়

(গ) জঙ্গলে (ঘ) বিস্ফোরণের জায়গায় ।

(ix) "বহুদিন ................ কাটেনি দিন", শূন্যস্থানে যে-শব্দটি বসবে, সেটি হল —

(ক) বাগানে (খ) শহরে

(গ) গ্রামে (ঘ) জঙ্গলে ।

(x) "আরে সব সময়ে কি aesthetic দিক দেখলেই চলে ?" — উক্তিটি কার ?

(ক) শম্ভু মিত্র

(খ) বৌদি

(গ) অমর গাঙ্গুলি

(ঘ) নেপথ্যের হারমোনিয়াম বাদক ।

অথবা

www.wbonlinestudy.in

(xi) "রাজা রথারোহনম্ নাটয়তি ।" কথাটির অর্থ হল —

(ক) রাজা রথে আরোহণ করলেন

(খ) রাজা রথে বসলেন

(গ) রাজা রথ থেকে নামলেন

(ঘ) রাজা রথে আরোহণ করার ভঙ্গি করলেন ।

(xii) 'নানা রঙের দিন' নাটকে মাঝরাতে রজনীকান্ত যার পোশাক পরেছিলেন, তিনি হলেন —

(ক) দিলদার (খ) শাজাহান

(গ) ঔরঙ্গজেব (ঘ) মানসিংহ ।

অথবা

(xiii) "এ কথাটা মালিকের কানে তুলবেন না চাটুজ্জেমশাই" — কথাটা হল —

(ক) রোজ লুকিয়ে গ্রিনরুমে ঘুমোনোর কথা

(খ) রজনীকান্তের সঙ্গে বক্তার দেখা হওয়ার কথা

(গ) বক্তার অভাব-অভিযোগের কথা

(ঘ) বক্তার বেতন বৃদ্ধি করার কথা ।

www.wbonlinestudy.in

(xiv) "জয়তোরণে ঠাসা" — এখানে যে-জায়গার কথা বলা হয়েছে সেটি হল —

(ক) সোনা ঝকঝকে লিমা (খ) মহনীয় রোম

(গ) সাত দরজাঅলা থিব্‌স্ (ঘ) ব্যাবিলন ।

(xv) জল পানের আশায় মর্দানাকে কতবার পাহাড়ের চূড়ায় উঠতে হয়েছিল ?

(ক) একবার (খ) দু'বার

(গ) তিনবার (ঘ) চারবার ।

(xvi) বাক্যের অব্যবহিত উপাদান বিশ্লেষণের কথা কে বলেছিলেন ?

(ক) উইলিয়াম জোন্‌স্ (খ) ব্লুমফিল্ড

(গ) চমস্কি (ঘ) স্যোসুর ।

(xvii) 'ওয়ালা' প্রত্যয়টি হল —

(ক) পরাধীন রূপমূল (খ) স্বাধীন রূপমূল

(গ) জটিল রূপমূল (ঘ) মিশ্র রূপমূল ।

(xviii) 'মধ্যযুগের সন্তগণ' নামে পরিচিত বিরাটাকার ভিত্তিচিত্রটির স্রষ্টা হলেন —

(ক) রামকিঙ্কর বেইজ (খ) বিনোদবিহারী মুখোপাধ্যায়

(গ) অবনীন্দ্রনাথ ঠাকুর (ঘ) নন্দলাল বসু ।

www.wbonlinestudy.in

(xix) 'নবজীবনের গান' কার রচনা ?

(ক) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর (খ) জ্যোতিরিন্দ্র মৈত্র

(গ) হেমাঙ্গ বিশ্বাস (ঘ) সলিল চৌধুরী ।

(xx) 'ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট' কে প্রতিষ্ঠা করেন ?

(ক) আশুতোষ মুখোপাধ্যায় (খ) মেঘনাদ সাহা

(গ) সত্যেন্দ্রনাথ বসু (ঘ) প্রশান্তচন্দ্র মহলানবিশ ।

(xxi) কুস্তি খেলার একটি প্যাঁচের নাম হল —

(ক) গোল (খ) কিক

(গ) ঢাক (ঘ) পয়েন্ট ।

(xxii) 'অযান্ত্রিক' চলচ্চিত্রটির পরিচালক —

(ক) সত্যজিৎ রায় (খ) ঋত্বিক ঘটক

(গ) মৃণাল সেন (ঘ) তপন সিংহ ।

( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )

২. অনধিক ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : ১ × ১২ = ১২

(i) বুড়ো কর্তা মারা যাওয়ার পর বড় পিসিমা সেই মৃত্যুর জন্য কাকে দোষারোপ করেছিলেন ?

(ii) "এ অন্যায় নয় ? অত্যাচার নয় ?" বক্তা কাকে অন্যায় এবং অত্যাচার বলেছেন

(iii) "সেখানেই গড়ে উঠেছে একটা ছোট্টো বাজার।" — বাজারে কী কী জিনি[সের] দোকান আছে ?

অথবা

"তারপরই দেখা গেল এক অদ্ভুত দৃশ্য।" — অদ্ভুত দৃশ্যটি কী ?

(iv) "অলস সূর্য দেয় এঁকে" — 'অলস সূর্য' কোথায় কী এঁকে দেয় ?

(v) "কঠিনেরে ভালোবাসিলাম," — কবি কেন কঠিনকে ভালোবাসলেন ?

(vi) 'নিহত ভাইয়ের শবদেহ দেখে' কীরূপ প্রতিক্রিয়া জাগা উচিত বলে কবি মনে করেন ?

অথবা

"নদীর জল মচকাফুলের পাপড়ির মতো লাল" হয়ে গেল কেন ?

(vii) "এই রে — পুলিশ আসছে। লাগল ঝঞ্ঝাট" — পুলিশ আসছিল কেন ?

(viii) "কাম অন, কুইক ! মহম্মদের ক্যাচটা দাও তো।" — কে মহম্মদের 'ক্যাচ' কখন দিয়েছিলেন ?

(ix) "তাকে সামনের পাথরটা তুলতে বললেন" — পাথরটা তোলার পর কী দেখা গিয়েছিল ?



www.wbonlinestudy.in/

(x) ভাষা সৃষ্টি ও প্রয়োগে মস্তিষ্কের কোন্ গোলার্ধ বিশেষ ভূমিকা গ্রহণ করে ?

(xi) রূপতত্ত্বে 'ভিত্তি' বলতে কী বোঝায় ?

(xii) ধাতুর সঙ্গে যে প্রত্যয় বসে, তার নাম কী ?

---

## ( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি )

৩. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৩.১ "এভাবে দেশের লোককে বাঁচানো যায় না" — এ ধারণা কার ? কোন্ ভাবে দেশের লোককে বাঁচানো যায় না ? কেন এভাবে বাঁচানো যায় না ? এই ধারণার মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন্ পরিচয় পাওয়া যায় ? ১ + ১ + ২ + ১

৩.২ "বাসিনী এনেছে । বাদায় থাকে, অথচ ভাতের আহিংকে এতখানি।" — বাসিনী কে ? সে কাকে, কী জন্য এনেছে ? উদ্দিষ্ট ব্যক্তির ভাতের 'আহিংকে' এতখানি কেন ? ১ + ২ + ২

৪. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৪.১ "আরোগ্যের জন্যে ওই সবুজের ভীষণ দরকার।" কে, কোথায় এ কথা বলেছেন ? এই মন্তব্যের মধ্য দিয়ে বক্তার কী মনোভাব প্রকাশ পেয়েছে ? ১ + ৪



www.wbonlinestudy.in/

৪.২ "মাঝে মাঝে শুনি" — বক্তা কে ? তিনি কী শুনতে পান ? তিনি যা শুনতে পান তা তাঁর মনে কী প্রভাব ফেলে ? ১ + ১ + ৩

৫. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৫.১ "এবার নিশ্চয়ই লোকের খুব হাসি পাবে ?" — লোকের যাতে হাসি পায় সে জন্য 'বিভাব' নাটকের কুশীলবরা কী কী চেষ্টা করেছিলেন ? হাসির উদ্রেকে শেষ পর্যন্ত তাঁরা ব্যর্থ হলেন কেন ? ৩ + ২

৫.২ "সেই রাত্রেই জীবনে প্রথম মোক্ষম বুঝলুম যে, যারা বলে 'নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প' — তারা সব গাধা — গাধা।" বক্তা কে ? তিনি কখন এবং কেন এরকম সিদ্ধান্তে পৌঁছেছিলেন নিজের ভাষায় আলোচনা করো। ১ + ১ + ৩

৬. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৬.১ "গল্পটা মনে পড়লেই হাসি পেত।" — কোন্ গল্পের কথা বলা হয়েছে ? এই গল্পের প্রতি বক্তার কীভাবে বিশ্বাস জন্মেছিল ? ২ + ৩

৬.২ "কে জিতেছিল ? একলা সে ?" — কে, কোন্ প্রসঙ্গে এই প্রশ্ন করেছেন ? উত্থাপিত প্রশ্নগুলির তাৎপর্য ব্যাখ্যা করো। ২ + ৩

৭. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৭.১ " ... পঞ্চাশের আকালের এক 'সকাল ।" – সেই সকালে লেখক যে-দৃশ্য দেখেছিলেন তার বর্ণনা দাও। এই দৃশ্য তাঁর মনে কোন্ উপলব্ধি জাগিয়েছিল ? ৩ + ২

৭.২ "পঞ্চাশ-যাট বছর আগে এ-অঞ্চলে জমিদারের একটা আইন ছিল" – আইনটি কেমন ছিল ? সেই আইন বন্ধ হলো কীভাবে ? ৩ + ২

৮. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫

৮.১ শব্দার্থ পরিবর্তন বলতে কী বোঝো ? শব্দার্থ পরিবর্তনের যে-কোনো দুটি ভাগ সম্পর্কে উদাহরণ-সহ আলোচনা করো । ১ + ২ + ২

৮.২ উদাহরণ-সহ স্বাধীন ও পরাধীন রূপমূল সম্পর্কে আলোচনা করো। জটিল রূপমূলের একটি উদাহরণ দাও। ২ + ২ + ১

৯. অনধিক ১৫০ শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০

৯.১ বাংলা গানের ধারায় দ্বিজেন্দ্রলাল রায় **অথবা** অতুলপ্রসাদ সেনের অবদান সম্পর্কে লেখো ।

www.wbonlinestudy.in


৯.২ বাঙালির ক্রীড়াসংস্কৃতিতে নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারীর ভূমিকা আলোচনা করো।

৯.৩ বাঙালির বিজ্ঞানচর্চার ইতিহাসে উপেন্দ্রকিশোর রায়চৌধুরী **অথবা** সুকুমার রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

৯.৪ বাংলা চলচ্চিত্রে নির্বাক যুগের ছায়াছবির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

১০. নিম্নলিখিত যে-কোনো **একটি** বিষয় নির্বাচন করে, নির্দেশানুসারে কমবেশি ৪০০ শ **একটি** প্রবন্ধ রচনা করো : ১০ × ১ = ১

১০.১ নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :






www.wbonlinestudy.in

১০.২ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকাস্বরূপ গ্রহণ করে, পরিণতি দানের মাধ্যমে একটি পূর্ণাঙ্গ প্রবন্ধ রচনা করো :

**শিশুশ্রমের বিলোপ**

শিশুশ্রমের সমস্যা এই সময়ের এক ভয়াবহ সমস্যা। এটি সংবিধান বিরোধী তবু কলে-কারখানায়, হোটেলে, চায়ের দোকানে, ইটভাটায় আজও অসহায় শিশুদেরকে কর্মরত অবস্থায় দেখা যায়। মূলত অর্থনৈতিক কারণেই এই প্রথার বিলোপ ঘটছে না। যে শিশুর যাওয়ার কথা বিদ্যালয়ে সে ঘর্মাক্ত শরীরে খেটে মরছে একমুঠো ভাতের জন্য। সকলের সদিচ্ছা এবং সম্মিলিত প্রচেষ্টায় এই প্রথার বিলোপসাধন একান্ত জরুরি।

১০.৩ প্রতিপক্ষের যুক্তির দুর্বলতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিবিন্যাস করে প্রবন্ধ রচনা করো :

**বিতর্কের বিষয় :** ইন্টারনেট পরিষেবা ছাত্রছাত্রীদের মৌলিকতা বা নিজস্বতাকে খর্ব করছে।

পক্ষে : পড়াশোনা ও লেখালেখির ক্ষেত্রে কোথাও অসুবিধায় পড়লে যথাযথ পরিশ্রম না-করেই চটজলদি ইন্টারনেট দেখে নিজেকে সংশোধন করে নেওয়ার প্রবণতা বাড়ছে এবং মাথা-না-খাটিয়ে সম্পূর্ণ যন্ত্রনির্ভর হয়ে মৌলিকতা তথা নিজস্বতা হারিয়ে ফেলছে এ যুগের ছাত্রছাত্রীরা।

বিপক্ষে : অজানাকে জানার আগ্রহ মিটিয়ে প্রকারান্তরে ইন্টারনেট পরিষেবা ছাত্রছাত্রীদের জ্ঞানের পরিধি বাড়িয়ে তাদের আরও সমৃদ্ধ করে গড়ে তুলছে।



www.wbonlinestudy.in

www.wbonlinestudy.in

১০.৪ প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :

শতবর্ষে মৃণাল সেন

- জন্ম : ১৯২৩ সালের ১৪ মে বর্তমান বাংলাদেশের ফরিদপুরে।
- পরিচয় : চলচ্চিত্র পরিচালক, চিত্রনাট্যকার, লেখক এবং সাংস্কৃতিক কর্মী। এক সময় যুক্ত ছিলেন ভারতীয় গণনাট্য সংঘের সঙ্গে।
- শিক্ষাজীবন : ফরিদপুরে প্রাথমিক শিক্ষা। পরে কলকাতার স্কটিশ চার্চ কলেজে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে পদার্থবিদ্যা নিয়ে পড়াশোনা ।
- চলচ্চিত্র জগতে অবদান : ১৯৫৫ সালে মুক্তিপ্রাপ্ত 'রাতভোর' প্রথম ছবি। দ্বিতীয় 'নীল আকাশের নীচে' ও তারপরে 'বাইশে শ্রাবণ' ছবি দুটি তাঁকে খ্যাতি এনে দেয়। ১৯৬৯-এ 'ভুবন সোম' ছবিটি তাঁর জীবনের অন্যতম শ্রেষ্ঠ কাজ। অস্থির কলকাতার চালচিত্রকে তুলে ধরে তাঁর কলকাতা ট্রিলজি — 'ইন্টারভিউ' (১৯৭১), 'কলকাতা'৭১'(১৯৭২) এবং 'পদাতিক' (১৯৭৩)। এছাড়াও বাংলা ও হিন্দি ভাষায় তাঁর উল্লেখযোগ্য ছবিগুলি হল 'মৃগয়া', 'একদিন প্রতিদিন', 'খারিজ', 'আকালের সন্ধানে', 'খণ্ডহর' ইত্যাদি।



www.wbonlinestudy.in

● পুরস্কার : ১৯৮৩ সালে 'খারিজ' ছবিটি কান চলচ্চিত্র উৎসবে সম্মানিত হয়।

১৯৮১ সালে পেয়েছেন ভারত সরকারের পদ্মভূষণ পুরস্কার এবং ২০০৫ সালে ভারতীয় চলচ্চিত্রের সর্বোচ্চ পুরস্কার 'দাদাসাহেব ফালকে'। এছাড়াও ১৯৮৫ সালে ফ্রান্সের সর্বোচ্চ নাগরিক সম্মান এবং ২০০০ সালে রাশিয়ান সরকারের 'অর্ডার অফ ফ্রেন্ডশিপ' পেয়েছেন।

● জীবনাবসান : ২০১৮ সালের ৩০ ডিসেম্বর।

==============

www.wbonlinestudy.in